# সেকশন (ধারা) 3 অর আওতাত্ থাকা বেমারী হকলর লাগি নজরদারি করাঅর অলা (তত্বধায়িত) গুষ্টিগত চিকিৎসা

(1983 সালোর মানসিক স্বাইস্থ্য আইনঅর সেকশন (ধারা) 17A)

| | |
|---|---|
| 1. রুগীর (বেমারীর) নাম | |
| 2. আপনার চিকিৎসার দায়িত্বে যেইন আছইন, তান নাম (আপনার "দায়িত্ববান চিকিৎসক") | |
| 3. আপনার নজরদারি করাঅর অলা (তত্বধায়িত) গুষ্টিগত চিকিৎসার তারিখ আরম্ভ | |

## আমারে কেনে নজরদারি করাঅর, অলা (তত্বাবধায়িত) গুষ্টিগত চিকিৎসার আওতাত্ রাখা অইছে?

আপনার মানসিক স্বাইস্থ্য আইনর 1983 ধারা 17A মোতাবেক সুপারভাইসড্ কমিউনিটি ট্রিটমেন্ট (তত্বাবধায়িত বা নজরদারি করাঅর, অলা গুষ্টিগত চিকিৎসা) অর আওতাত্ রাখা অইছে, কারণ আপনার চিকিৎসার দায়িত্বে যেইন আছইন, (আপনার দায়িত্ববান চিকিৎসক) তাইন মনঅ করইন যে আপনে হাসপাতাল ছাড়িয়া যাওয়ার পক্ষে যথেষ্ট সুস্থ আছইন কিন্তু তাইন চিন্তিত যে আপনে অয়ত চিকিৎসা চালাইয়া যাইতা নায়, অথবা খুব কম দিনর নোটিশে, আরও চিকিৎসার লাগি, আপনারে আবার হাসপাতালো ভর্তি হওয়া লাগত পারে।

তত্বাবধায়িত গুষ্টিগত চিকিৎসাঅর অর্থ অইল আপনার দেখাশুনা করবা যে টীমে বা দলে তারা, আপনার হাসপাতাল থনে ছাড়া পাওয়ার বাদে যাতে আপনে ভালা থাকইন, হের লাগি তারা তারার হকলথনে ভালা সাহাইয্য করবা; কিন্তু যদি আপনার দায়িত্ববান চিকিৎসকর মনঅ করইন যে আবারো আপনার চিকিৎসার লাগি হাসপাতালো আওয়ার দরকার আছে, তে অইলে আপনার যে ধরণর চিকিৎসার দরকার, হোখানর লাগি আপনারে আবার হাসপাতালো আওয়ার কথা কওয়া অইতো পারে।

আপনার দায়িত্ববান চিকিৎসকে আপনার হাসপাতাল থনে ছাড়া পাওয়ার বাদে আপনার মানসিক গুলমালর লাগি এবং দেখাশুনার বা চিকিৎসার লাগি, যে ধরণর বেবস্থার দরকার, হোখান সম্পর্কে কইবা।

## গুষ্টিগত চিকিৎসার আদেশ কিতা?

কমিউনিটি ট্রিটমেন্ট অর্ডার (গুষ্টিগত চিকিৎসার আদেশ) অইল একখান ফর্ম, যেটা আপনার দায়িত্ববান চিকিৎসক এবং একজন অনুমুদিত মানসিক স্বাইস্থ্য বিশেইজ্ঞর ভরি দিবা, যাতে আপনারে সুপারভাইসড্ কমিউনিটি ট্রিটমেন্ট (নজরদারি করা অর অলা গুষ্টিগত চিকিৎসা) অর আওতাত্ রাখা অয়।

একজন অনুমুদিত মানসিক স্বাইস্থ্য বিশেষইজ্ঞ অইলা এমন একজন মানুষ, যানরে বিশেষ প্রশিক্ষণ (ট্রেনিং) দেওয়া অইছে মানসিক স্বাইস্থ্য আইন মোতাবেক কেউরোরে হাসপাতালো রাখার দরকার আছে কিনা হোউ বিষয়ে সিদ্ধান্ত লওয়ার লাগি।

## আমি হাসপাতাল ছাড়ি দিবার বাদে কিতা অইব?

আপনার দায়িত্ববান চিকিৎসকে আপনারে কইবা সুপারভাইসড্ (নজরদারি করা অয়, অলা) গুষ্টিগত চিকিৎসার ক্ষেত্রে কিতা অয়।

খুব সম্ভবত আপনারে কওয়া অইব আপনার চিকিৎসার লাগি কিছু বিশেষ বেবস্থা করার লাগি, অথবা বিশেষ বেবস্থা করা অইব যাতে আপনে আপনার গুষ্টি বা গুইটর ভিত্রে নিরাপদে, ভালা ভাবে থাকইন। ইটাইনরে কয় “শর্ত” এবং ইটাইন, মানসিক স্বাইস্থ্য আইনর ধারা 17B মোতাবেক অনুমুদন প্রাপ্ত।

আপনার দায়িত্ববান চিকিৎসক এবং একজন মানসিক স্বাইস্থ্য বিশেষইজ্ঞর অবশ্যউ রাজী অইতা অইবা যে, অউ শর্ত টাইন ঠিকঠাক আছে এবং হোটাইনরে রাখার লাগি আপনারে সাহাইয্য করার হকল বেবস্থা তারা করবা। যখন আপনে নজরদারি করা অর অলা চিকিৎসার আওতাত্ থাকইন, তখন যেটাইন আপনারে করার লাগি অথবা না করার লাগি, করা অর, হোটাইনতর বেপারে কুনু রকমভাবে দুশ্চিন্তাগ্রস্ত অইন তে অইলে আপনার দায়িত্ববান চিকিৎসকঅর লগে মাতইন।

## যদি আমি শর্তটাইন না রাখি, তে অইলে কিতা অইব?

যদি আপনে কুনু শর্ত পালন না করইন তে অইলে, আপনার দেখাশুনার দায়িত্বে যে টীম বা দল আছইন, তারা চিন্তা করবা আপনার আবার হাসপাতালো চিকিৎসার লাগি আওতার কথা কইতা কিনা।

আপনার দায়িত্ববান চিকিৎসক যদি মনঅ করইন যে, ইখান অউ একমাত্র নিশ্চিত অওয়ার উপায় যে আপনে ঠিক লাখান চিকিৎসা পারা, তে অইলে আপনারে হাসপাতালো আওয়ার কথা কওয়া অইব। কুনু কুনু সময় আপনে হকল শর্ত মানিয়া চললেও, ইখান জরুরী অইত পারে। ইটারে কয়, আবার হাসপাতালো ডাকিয়া আনা “রি-কল্ড”।

যদি আপনার দায়িত্ববান চিকিৎসকে মনঅ করইন যে আপনারে আবার হাসপাতালো আওয়া লাগব, তে অইলে আপনার দায়িত্ববান চিকিৎসকে লিখিত্ ভাবে আপনারে জানাইবা যে আপনার হাসপাতালো আওয়া দরকার হয় সুজাসুজি আইতা, অথবা একটা বিশেষ সময় তারা দিবা। যখন আপনারা কওয়া অইব আওয়ার লাগি, তখন যদি আপনে না আইন, তেঅইলে আপনারে আপনার ইচ্ছার বিরুদ্ধে হাসপাতালো ফিরাইয়া আনা অইব।

আপনারে যদি আবার হাসপাতালো ডাকা অয়, তে অইলে আপনারে 72 ঘন্টা পর্যন্ত হাসপাতালো রাখা অইব। যদি আপনার দায়িত্ববান চিকিৎসকে মনঅ করইন যে আপনারে আরও বেশীদিনর লাগি হাসপাতালো রাখা লাগব, তে অইলে একজন মানসিক স্বাইস্থ্য বিশেষইজ্ঞরে কওয়া অইব আপনার লগে মাতবার লাগি। তাইন আপনারে হোউ সময় হকলতা বুঝাই দিবা।

## আমি যখন সুপারভাইসড্ (নজরদারি করাঅর অলা) গুষ্টিগত চিকিৎসার আওতাত্ থাকমু তখন আমার কিতা চিকিৎসা করা অইব?

আপনার দায়িত্ববান চিকিৎসকে ইখান আপনার লগে মাতবা এবং ঠিক করবা, কুনসময় আর কিলা আপনারে গুষ্টির ভিত্রে চিকিৎসা করা অইব।

## আমি কিতা চিকিৎসা করানিরে অস্বীকার করতাম পারমুনি?

আপনে যদি না চাইন্ তে অইলে আপনে অস্বীকার করতা পারইন, কিন্তু এর অর্থ অইল যে, আপনার দায়িত্ববান চিকিৎসকে আপনারে আবার হাসপাতালো ডাকার কথা পুনর্বিবেচনা করবা।

যে চিকিৎসার পরামর্শ আপনারে অইছে, আপনে যদি হোখান করাইতা না চাইন, তে অইলে যত তাড়াতাড়ি সম্ভব আপনার দায়িত্ববান চিকিৎসার লগে মাতইন।

## যদি আমি অলা বেমার অই যে, আমার চিকিৎসা করানির বেপারে রাজী আছি কি না হোখানার সিদ্ধান্ত লইতাম না পারি ?

আপনার চিকিৎসা যারা কররা, তারা যদি মনঅ করইন যে আপনার চিকিৎসা করানির সিদ্ধান্ত লওয়ার ক্ষমতা আপনার নাই, তে অইলে তারা আপনার বেপারে যেন দরকার বলিয়া মনঅ্ করবা, হোউ চিকিৎসাউ দিবা।

যদি খুবঅউ জরুরী না অয়, তে অইলে অন্য তারা আপনার হোউ চিকিৎসা গ্রহণ করার লাগি জুর খাটাইতা পারতা নায়।

"ক্ষমতা নাই" (ল্যাক ক্যাপাসিটি) অর অর্থ অইল যে আপনার মানসিক গুলমালর লাগি আপনে তলরলেখা অউ চাইরটা জিনিষ করতা পাররা না ঃ

- চিকিৎসার বেপারে আপনারে যে খবরাখবর দেওয়া অয়, আপনে হোটাইন বুধ পাইরা না
- সিদ্ধান্ত লওয়ার ক্ষেত্রে হোউ খবরাখবররে বেশী সময়ধরি মনঅ রাখতা পাররা না
- খবরাখবরে সিদ্ধান্ত লওয়ার লাগি, যথেষ্ট পরিমাণে মূইল্যায়ন বা বিচার করতা পাররা না
- আপনে আপনার সিদ্ধান্ত অর বেপারে অইন্যরার লগে কুনু ভাবেই যুগাযোগ করতা পাররা না যেমন ধরইন মাতিয়া, সাইন লাঙ্গুয়েজ (আকারে ইংগিতে বুঝানি) দিয়া, এবং এমনকী সাধারণ লড়াচড়ার মাঝে দিয়া, যেমন, চউখর ইশারা দিয়া, হাতে ধরিয়া জাতা দিয়া ইত্যাদি

আপনে যদি, 2005 সালোর মানসিক ক্ষমতা আইন (মেন্টাল ক্যাপাসিটি অ্যাক্ট) মোতাবেক আইনগত সিদ্ধান্ত আগেউ লইয়া থাকইন যে আপনে চিকিৎসার অস্বীকার করবা, তে অইলে, একেবারে জরুরী না অইলে, অথবা অইন্য কেউ যান, আপনার তরফ থনে হোউ আইনর ফলে সিদ্ধান্ত পওয়ার অনুমতি আছে, তাইন যদি কইন যে আপনার চিকিৎসার দরকার নাই, তে অইলে আপনার কুনু চিকিৎসা করা অইত নায়। হেইন এমন একজন অইতা পারইন, যানরে আপনে স্থায়ী পাওয়ার অব এটের্নী দিছইন, কোর্ট অব প্রটেকশন থনে যানরে আপনার ডেপুটি হিসাবে নিযুক্ত করা অইছে, অথবা কোর্য অব্ প্রটেকশন নিজোউ হইত পারে। 2005 সালোর মানসিক ক্ষমতা আইন অর বেপারে হাসপাতালোর কর্মচারী হকলে আপনার আরো খবরাখবর দিতা পারবা।

## অষুদ এবং ড্রাগস্ (ঘুমর অষুদ ইত্যাদি) অর বেপারে বিশেষ নিয়মনীতি

একবার যখন আপনে, একমাসোর থনে বেশী সময়অর লাগি সুপারভাইসড্ (নজরদারি রাখা অর অলা) গুষ্টিগত চিকিৎসার আওতাত্ আইয়া অষুদ এবং ড্রাগ অর বেপারে কিছু কিছু বিশেষ নিয়ম আপনার উপ্‌রে খাটব।

আপনে যদি হাসপাতালো অথবা তত্ত্বধায়িত (নজরদারি করা অর হলা) গুষ্টিগত চিকিৎসার আওতাত্ থাকইন এবং আপনারে যদি মানসিক গুলমালর চিকিৎসার লাগি বিশেষ ধরণর অষুদ বা ড্রাগস্ দেওয়ার তিন মাসর বেশী অই যায়, তে অইলে আপনারে অনুমতি দেওয়া অইব একজন স্বতন্ত্র ডাক্তোরে (যেইন অউ হাসপাতালোর ডাক্তোর নায় এবং আপনার চিকিৎসাও কররা না) যাতে আপনারে পরীক্ষা করিয়া দেখইন।

অউ স্বতন্ত্র ডাক্তাররে কওয়া অয় SOAD (সেকেন্ড ওপিনিয়ন অ্যাপয়েনটেড্ ডক্টর) আর তানরে নিযুক্ত করইন একখান স্বতন্ত্র কমিশনে, যেটায় মেন্টাল হেল্‌থ অ্যাক্ট বা মানসিক স্বাইস্থ্য আইন কিলা ব্যবহার করা অর, হোটার উপরে নজর দারি করে।

ডাক্তোরে আপনার চিকিৎসা সঠিক অর কি না হোখান দেখবা, এবং আপনার কি ধরণর চিকিৎসা চলব হোখানর সিদ্ধান্ত লওয়ার আগে আপনার লগে মাতবা।

যদি না জরুরী অবস্থা অয়, আপনারে কেবল অষুদ আর ড্রাগ (ঘুমর অষুদ জাতীয়) চিকিৎসা, যেটা স্বতন্ত্র ডাক্তোরে আপনারে দেওয়ার লাগি কইছইন, হোটাইন দেওয়া অইব।

আপনার কওয়া অইব, কুনুসময় আর কই একজন স্বতন্ত্র ডাক্তোরে আপনারে পরীক্ষা করবা। সুপারভাইসড্ (নজরদারি করা অর অলা) গুষ্টিগত চিকিৎসার ক্ষেত্রে স্বতন্ত্র ডাক্তোরে পরীক্ষা করাটা একখান শর্তর মাঝে পড়ে। আপনে যদি আপনারে যে সময় এবং জাগা কইয়া দেওয়া অইছে, হোখানো গিয়া একজন স্বতন্ত্র ডাক্তোররে না দেখাইন, তে অইলে, আপনার দায়িত্ববান চিকিৎসককে আপনারে হাসপাতালো আবার ডাকিয়া লইয়া স্বতন্ত্র ডাক্তোররে দেখাইতা পারইন।

কয়েকখান বিশেষ বিশেষ চিকিৎসার লাগি আলগা আলগা নিয়ম কানন আছে, যেমন ধরইন ইলেকট্র-কনভালসিভ্ থেরাপি (ECT)। যদি আপনার যারা চিকিৎসা কররা তারা অউ বিশেষ চিকিৎসা পদ্ধতির আপনার পক্ষে দরকারী বলিয়া মনঅ করইন, তে অইলে নিয়মটাইন আপনারে বুঝাইয়া কওয়া অইব।

## কতদিন আমি সুপারভাইসড্ (নজরদারি করা অর অলা) গুষ্টিগত চিকিৎসার আওতাত্ থাকমু?

আপনার গুষ্টিগত চিকিৎসার আদেশ পয়লা ছয়মাস পর্যন্ত বহাল থাকব, যদি না আপনার রেসপনসিবল ক্লিনিসিয়ানে মনঅ করইন যে ইটার আর দরকার নাই।

ছয়মাসোর হেযোর বায়, আপনারে কওয়া অইব যে আপনারে রেসপনসিবল ক্লিনিসিয়ানে আপনার পরীক্ষা করিয়া দেখতা আপনার আর সুপারভাইসড্ (নজরদারি করা অর অলা) গুষ্টিগত চিকিৎসার আওতাত্ থাকা দরকার আছে কিনা। আপনারে কওয়া অইব, কুনুসময় আর কুনুজাগত্ আপনার রেসপনসিবল ক্লিনিসিয়ানে আপনার পরীক্ষা করতা চাইন।

অউ পরীক্ষার লাগিয়া আপনার রেসপনসিবল ক্লিনিসিয়ান অর লগে দেখা করা খান অইল সুপারভাইসড্ গুষ্টিগত চিকিৎসার একখান শর্ত। যদি আপনে, আপনার যে সময় এবং জাগত্ আপনার রেসপনসিবল ক্লিনিসিয়ানরে দেখানির কথা কওয়া অইছে, হোখানো না যাইন, তে অইলে তারা আপনারে আবার হাসপাতালো ডাকিয়া আনতা পারইন।

যদি আপনার রেসপনসিবল ক্লিনিসিয়ানে মনঅ করইন যে আপনার নজরদারি করা অর হোলা (সুপারভাইস) গুষ্টিগত চিকিৎসার আওতাত্ আরও বেশী দিনর লাগি রাখা উচিত, তে অইলে ইটারে তারা আরও ছয় মাসোর লাগি বাড়াইয়া দিতা পারইন এবং এর বাদে একলগে আরও একবছর পর্যন্ত বাড়াইদিতা পারইন। প্রইত্যেক সময়সীমার হেযোর বায়, আপনার দায়িত্ববান চিকিৎসকে আপনার লগে অউ বেপারে মাত্বা।

## আমি কিতা আবেদন করতাম পারমু নি?

অয়। আপনে আপনার রেসপনসিবল হাসপাতালোর, হাসপাতাল ম্যানেজারসে কইতা পারইন, আপনার তত্ত্বাধায়িত (নজরদারি রাখা অর অলা) গুষ্টিগত চিকিৎসার সময় শেষ করি দিবার লাগি। যে কুনু সময় অউ, আপনে ইখান করতা পারইন। হাসপাতাল ম্যানেজারস অইল হাসপাতালোর ভিতরর কয়েকজন মাইনষরে লইয়া গঠিত একখান বিশেষ কমিটি যেটায় সিদ্ধান্ত লইব যে মাইনযোরে সুপারভাইসড্ (নজরদারি করা অর অলা) গুষ্টিগত চিকিৎসার আওতাত্ রাখা অইত কিনা।

আপনার দায়িত্ববান হাসপাতাল অইল সাধারণত আপনে, সুপারভাইসড্ (নজরদারি করা অর অলা) গুষ্টিগত চিকিৎসার আওতাত্ যাওয়ার আগে যে হাসপাতালো আছলা, হোটা।

আপনে যদি হাসপাতাল ম্যানেজারসরে কইতা চাইন, আপনার তত্ত্বাবধায়িত (নজরদারি করা অর অলা) গুষ্টিগত চিকিৎসা, শেষ করি দেওয়ার লাগি, আপনে অউ ঠিকানাত্ লেখতা পারইন ঃ

হাসপাতাল ম্যানেজারস এ আপনার নজরদারি করা অর অলা গুষ্টিগত চিকিৎসা শেষ করি দিবা কিনা, হোখানর সিদ্ধান্ত লওয়ার আগে আপনার লগে মাততা পারইন।

আপনার হক্কল থনে নিকট আত্মীয় ও হাসপাতাল ম্যানেজারসরে কইতা পারইন যে তারা চাইন যে আপনার সুপারভাইসড্ (নজরদারি করা অর অলা) গুষ্টিগত চিকিৎসারে শেষ করি লওয়া অউক। অউ লিফলেটে (হরু বই) আরও ভালা করি বুঝাই দিব, আপনার হক্কল থনে নিকট আত্মীয় কে।

যদি আপনার হক্কল থনে নিকট আত্মীয়র ইখান করইন, তে অইলে আপনার নজরদারি করা অর অলা গুষ্টিগত চিকিৎসার মেয়াদ 72 ঘন্টার বাদে হেয হই যাইব, যদি না আপনার দায়িত্ববান চিকিৎসকে হাসপাতাল ম্যানেজারসে কইন যে আপনে আপনার এবং অইন্যান্য মাইনষর লাগি বিপদর কারণ অইতা পারইন। যদি আপনারে নজরদারি করাঅর অলা গুষ্টিগত চিকিৎসার আওতাত্ রাখা না অয়। যদি অলা অয়। তে অইলে আরও ছয় মাসোর আগে আপনার হক্কলথনে নিকট আত্মীয় আবার হাসপাতাল ম্যানেজারসরে কইতা পারতা নায় যে তারা চাইন যে আপনার সুপারভাইসড্ (নজরদারি করা অর অলা) গুষ্টিগত চিকিৎসা শেষ করি দেওয়া অউক।

আপনে একখান ট্রাইবুনালরে ও কইতা পারইন, আপনার সুপারভাইসড্ (নজরদারি করা অর অলা) গুষ্টিগত চিকিৎসার মেয়াদ শেষ করি দেওয়ার লাগি।

## ট্রাইবুনাল কিতা আর কিতা অইবো ?

ট্রাইবুনাল অইল একখান স্বতন্ত্র প্যানেল যেটার সিদ্ধান্ত লইব যে আপনার সুপারভাইসড্ (নজরদারি করা অর অলা) গুষ্টিগত চিকিৎসা শেষ করা অইত কি না। ট্রাইবুনালে আপনার এবং আপনারে যারা চিনইন হোউ কর্মচারী হক্কলর লগে একখান সভা করবা। অউ সভারে কওয়া অয় "হিয়ারিং"। যদি আপনে চাইন, তে অইলে আপনে অইন্য কেউরোরে অউ হিয়ারিং অ আইয়া আপনারে সাহাইয্য করার কথা কইতা পারইন। হিয়ারিং অর আগে, ট্রাইবুনালর সদইস্য হকললে আপনার এবং আপনার নজরদারি করা অর অলা গুষ্টিগত চিকিৎসার র বেপারে হাসপাতালোর প্রতিবেদন থনে পড়বা। ট্রাইবুনালর একজন সদইস্যয় আপনার লগে মাতার লাগিও আইবা।

## আমি ট্রাইবুনালর কাছে কুনসময় আবেদন করতাম পারমু ?

আপনে যখন নজরদারি করা অর অলা গুষ্টিগত চিকিৎসার আওতাত্ থাকবা, তখন পয়লা ছয় মাসোর ভিতরে একবার আপনে ট্রাইবুনালর কাছে আবেদন করতা পারবা। এর বাদে আপনে পরর ছয় মাসোর ভিতরে একবার এবং তারও বাদে যখন আপনে নজরদারি করাঅর অলা গুষ্টিগত চিকিৎসার আওতাত্ থাকইন, তে অইলে প্রইত্যেক বছরো একবার আবেদন করতা পারবা।

যদি আপনার হক্কল থনে নিকট আত্মীয়র হাসপাতাল ম্যানেজারসরে কইন যে তারা চাইন যাতে আপনার নজরদারি করা অর অলা গুষ্টিগত চিকিৎসার মেয়াদ শেষ করি দেওয়া অউক, কিন্তু আপনার রেসপনসিবল ক্লিনিসিয়ানএ কইনযে ইখান শেষ করা উচিত নায়, আপনার হক্কল থনে নিকট আত্মীয় ও ট্রাইবুনালর কাছে আবেদন করতা পারইন। আপনার হক্কল থনে নিকট আত্মীয় ইখান করবা, তানরে আপনার রেসপনসিবল ক্লিনিসিয়ানে মনঅ করইন না যে আপনার সুপারভাইসড্ (নজরদারি করা অর অলা) গুষ্টিগত চিকিৎসা শেষ করা যাইতো পারে, অউ কথা জানানির 28 দিনোর ভিত্রে।

আপনে যদি ট্রাইবুনালর কাছে আবেদন করতা চাইন, তে অইলে অউ ঠিকনাত্ লেখইন ঃ

The Tribunals Service
PO BOX 8793
5th Floor
Leicester
LE1 8BN

টেলিফোন 0845 2232022

আপনে একজন সলিসিটর (মামলা পরিচালক) রেও কইতা পারইন যাতে তাইন আপনার পক্ষ অইয়া ট্রাইবুনাল অর কাছে লেখইন এবং আপনারে হিয়ারিং (শুনানি)অ সাহাইয্য করইন। আপনার দায়িত্বান হাসপাতাল এবং ল সোসাইটির কাছে অউ বিষয়ে পারদর্শী, অলা সলিসিটারর (মামলা পরিচালক) একখান তালিকা বা লিষ্টি আছে। ই বেপারে আপনারে সাহাইয্য করার লাগি, সলিসিটাররে আপনার কুন্তা দেওয়া লাগত নায়। লিগ্যাল এইড্ (আইনী সহায়তা) যোজনার আওতাত্ ইখান বিনা পয়সায় করা অয়।

## আপনার হক্কল থনে নিকট আত্মীয়রে জানানি

মানসিক স্বাইস্থ্য আইন মোতাবেক, অউ লিফলেট (হরু বই) অর একখান কপি যারে দেওয়া অইব, তাইন অউ অইলা আপনার হক্কল থনে নিকট আত্মীয়।

মেন্টাল হেল্থ অ্যাক্ট (মানসিক স্বাইস্থ্য আইন) অর কাছে কয়েকজন মাইনষর নাম লেখা একখান তালিকা (লিষ্টি) আছে, যারারে আপনার আত্মীয় হিসাবে ধরা অয়। সাধারণত, অউ লিষ্টো, যে মাইনষর নাম হকল থনে উপরে আছে, তাইন অউ অইলা গিয়া আপনার হক্কল থনে নিকট আত্মীয়। হাসপাতালোর কর্মচারী হকলে আপনারে একখান লিফলেট দিবা, যেটায় ভালভাবে বুঝাই দিব, আপনার দেখাশুনা আর চিকিৎসার বেপারে আপনার হক্কল থনে নিকট আত্মীয়র কিতা কিতা অধিকার আছে।

আপনার কেইসো, আমরারে কওয়া অইছে যে আপনার হক্কল থনে নিকট আত্মীয় অইলা ঃ

| |
|---|
| |

আপনে যদি চাইন না যে এনরে অউ লিফলেট (হরু বই) অর একখান কপি দেওয়া না অয়, তে অইলে, দয়া করি, আপনার রেসপনসিবল ক্লিনিসিয়ান, কর্মচারী হক্কলর অইন্য সদইস্য অথবা যেইন আপনারে অউ লিফলেট (হরু বই) দিছইন, তানরে কইন।

## আপনার হক্কলথনে নিকট আত্মীয়রে (নাম) বদলানি

আপনে যদি মনঅ করইন যে অউ মানুষ আপনার হক্কল থনে নিকট আত্মীয় অওয়ার লাগি উপযুক্ত নায়, তে অইলে এন বদলে, আরো কেউরোরে আপনার হক্কল থনে নিকট আত্মীয় হিসাবে ধরার লাগি আপনে কাউন্টি কোর্টঅ আবেদন করতা পারইন। হাসপাতালোর স্টাফ্ (কর্মচারী) হকলে আপনার একখান লিফলেট (হরু কাগজ) দিবা যেটায়, ইখান ভালভাবে বুঝাই দিব।

## কোড্ অব্ প্র্যাকটিস্ (অইভ্যাসাদির নিয়মনীতি)

আপনার দেখাশুনা এবং চিকিৎসার বেপারে যারা জড়িত আছইন এবং আপনার রেসপনসিবল ক্লিনিসিয়ানরে মানসিক স্বাইস্থ্য আইন সম্বন্ধে পরামর্শ দেওয়ার লাগি, একখান কোডউ অব প্র্যাকটিস (অইভ্যাসাদির নিয়মনীতি) আছে। আপনার দেখাশুনার বেপারে যখন কুনু সিদ্ধান্ত তারা লইবা, তখন অউ কোডউে কিতা কর, ইখান তারা বিবেচনা করিয়া দেখবা। আপনে যদি চাইন, তে অইলে হোউ কোডউর একখান কপি আপনে দেখতা পারইন।

## আমি কিলা নালিশ জানাইমু ?

আপনে যদি, আপনার দেখাশুনা অথবা নজরদারি করা অর অলা গুষ্টিগত চিকিৎসার বেপারে কুনু ধরণর নালিশ জানাইতা চাইন, তে অইলে কর্মচারী হক্কলর যে কুনু সদইস্যর লগে দয়া করিয়া মাতইন। তারা হয়ত, অউ বেপারটার মিটমাট করতা

পারইন। তারা আপনারে আপনার দায়িত্ববান হাসপাতালোর নালিশ জানানির পদ্ধতি সম্পর্কে খবরা খবর দিতা পারইন এবং হোউটার সাহাইয্যে আপনে, যেটারে কয় স্থানীয় সমাধান (লোকাল রিজলিউশন) হোটার মারফৎ আপনার নালিশ অর মিটমাট করতা পাইন। তারা আপনারে অইন্যান্য মাইনষর বেপারেও খুজ খবর দিতা পারইন যারা আপনার নালিশ জানানির বেপারে সহায় সাহাইয্য করতা পারইন।

আপনে একখান স্বতন্ত্র কমিশনর কাছে ও নালিশ জানাইতা পারবা। কমিশনে, তদারকি করব যে কিলা মানসিক স্বাইস্থ্য আইনরে বেবহার করা অর, এবং কমিশনে নিশ্চিত্ অইত চাইব যে ইখান ঠিক লাখান ব্যবহৃত অর আর বেমারী হকল যখন হাসপাতালো থাকইন, কিংবা সুপারভাইসড্ (নজরদারি করা অর অলা) গুষ্টিগত চিকিৎসার আওতাত্ থাকইন, তখন তারারে ঠিক লাখান যত্ন তালাপি করা অয়। কর্মচারী হকলে আপনার একখান লিফলেট (হরু বই) দিবা, যেটায় আপনারে বুঝাই দিব যে কিলা আপনে কমিশনর লগো যুগাযুগ করতা।

## আরও বেশী সাহাইয্য এবং খবরাখবর

যদি আপনে, আপনার দেখাশুনা এবং চিকিৎসার বেপারে কুন্তা থাকে, যেটা আপনে এবো বুধ পাইছইন না, তে অইলে আপনার রেসপনসিবল ক্লিনিসিয়ান অথবা কর্মচারী হকলর অইন্যান্য সদইস্যয় আপনারে অউ বেপারে সাহাইয্য করবা। আপনে যদি অউ লিফলেটর (হরু বই) কুনু বিষয়ে বুধ পাইয়া না থাকইন, অথবা আপনার যদি আরও কুন্তা প্রশ্ন জিগার করার থাকে, যেটাইনতর জবার অউ লিফলেটে (হরু বই) অ নাই, তে অইলে দয়া করি তারারে জিগাইন।

আপনে যদি অইন্য কেউরর লাগি অউ লিফলেটর আরও একখান কপি চাইন, তে অইলে দয়া করিয়া কইন।